তারিখ ... 28 APR 2011 ...
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

### ছাত্রীদের আত্মরক্ষা

# প্রশিক্ষণের জন্য বাজেটে বরাদ্দ রাখার দাবি

**নিজস্ব প্রতিবেদক ▷**

দেশে নারী নির্যাতন বাড়ছে। এই প্রেক্ষাপটে ছাত্রীদের নির্যাতন থেকে আত্মরক্ষায় সক্ষম করে তোলা প্রয়োজন। এ বিষয়ে বিদ্যালয়ে ও কমিউনিটিতে মেয়েদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। তাই এ খাতে সরকারকে পর্যাপ্ত বাজেট বরাদ্দ রাখার দাবি জানিয়েছে বাংলাদেশ নারী প্রগতি সংঘ (বিএনপিএস)। গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে এই দাবি জানানো হয়। জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়নে গৃহীত জাতীয় কর্মপরিকল্পনার ধারাবাহিক বাস্তবায়ন ও শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে আগামী বাজেটে সুনির্দিষ্ট বরাদ্দের দাবিতে আয়োজিত এই সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন বিএনপিএসের নির্বাহী পরিচালক রোকেয়া কবীর। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিআইডিএসের সিনিয়র রিসার্চ ফেলো ড. নাজনীন আহমেদ। বক্তৃতা করেন অর্থনীতিবিদ ড. প্রতিমা পাল মজুমদার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. সায়মা হক বিদিশা ও উপপরিচালক শাহনাজ সুমী।